

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৭তম শাহাদাতবার্ষিকীতে শিক্ষা প্রতিষ্ঠানে জাতীয় শোক দিবস যথাযোগ্য মর্যাদায় পালন করার নির্দেশ দেওয়া হয়েছে। এ উপলক্ষে বঙ্গবন্ধুকে নিয়ে রচিত বই শিক্ষা প্রতিষ্ঠানে বিনামূল্যে বিতরণ করা হবে। বই বিতরণের চাহিদাপত্র আগামী তিন কর্মদিবসের মধ্যে চাওয়া হয়েছে।

গতকাল সোমবার ঢাকা মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক তপন কুমার সরকারের স্বাক্ষর করা এক বিজ্ঞপ্তিতে এ নির্দেশনা দেওয়া হয়েছে। নির্দেশনায় বলা হয়েছে, ঢাকা শিক্ষা বোর্ডের আওতাধীন সব শিক্ষা প্রতিষ্ঠানে জাতীয় শোক দিবস যথাযোগ্য মর্যাদা ও ভাবগাম্ভীর্যের সঙ্গে পালন করতে হবে। এ লক্ষ্যে বঙ্গবন্ধু সম্পর্কে সব শিশু-কিশোরকে সঠিক ধারণা দেওয়া ও তার মহান আত্মত্যাগকে তুলে ধরতে ‘বঙ্গবন্ধুর অসমাপ্ত আত্মজীবনী’, ‘কারাগারের রোজনামাচা’, ‘আমার দেখা নয়া চীন’ এবং শেখ মুজিবুর রহমানের ওপর রচিত বইগুলো শিক্ষা প্রতিষ্ঠান মাধ্যমে ক্রয় ও পাঠের ব্যবস্থা করতে হবে। বিভিন্ন রাষ্ট্রীয় অনুষ্ঠানে কৃতি শিক্ষার্থীদের উপহার হিসেবে এসব বই দিতে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে হবে।

এতে আরও বলা হয়েছে, ঢাকা শিক্ষা বোর্ডের আওতাধীন আর্থিকভাবে অসচ্ছল শিক্ষা প্রতিষ্ঠানকে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ওপর রচিত বইগুলো বিতরণ করা হবে। এ পরিপ্রেক্ষিতে আর্থিক অসচ্ছল শিক্ষা প্রতিষ্ঠানগুলোকে আগামী তিন কর্মদিবসের মধ্যে সম্ভাব্য চাহিদাপত্র বোর্ডের চেয়ারম্যানের দপ্তরে পাঠানোর নির্দেশ দেওয়া হয়েছে।

1
Shares